গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রামগতি, লক্ষ্মীপুর।
Web : coop.ramgati.lakshmipur.gov.bd
E-mail : ucoramgati17@gmail.com

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, রামগতি
এবং
জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, লক্ষ্মীপুর
স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, রামগতি, লক্ষ্মীপুর বিগত ০৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ, সমবায়কে আরো গণমানুষের সংগঠনে পরিণত করতে ও সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ৪৫ টি সমবায় সমিতি গঠন করে ৯০০ জনকে নতুনভাবে সমবায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২১-২২ সনে ১১৭ টি, ২০২২-২৩ সনে ১১২ টি এবং ২০২৩-২৪ সনে ১২৪টি কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে। নিরীক্ষা ফি ৬০২৭০/- টাকা, নিবন্ধন ফি ও ভ্যাট ৯০৫১/- টাকা আদায় করে যথাযথভাবে পরিশোধ করা হয়েছে। টেকসই সমবায় গঠনের নিমিত্তে জেলার ভ্রাম্যমান টিমের সহযোগীতায় ২৫০ জন সমবায়ীকে ভ্রামামান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫৭ জন সমবায়ী ও ০২ জন কর্মকর্তা/কর্মচারির দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, শ্রেণীতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও, রামগতি উপজেলায় বাস্তবায়নাধীন সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প (সিভিডিপি), ৩য় পর্যায়, বার্ড অংশ এর আওতায় ১৫৯জন সমবায়ীকে আয়বর্ধনমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৫১০ জনের (পুরুষ/মহিলা) আত্ম-কর্মসংস্থান সৃজন করা হয়েছে। উল্লেখ্য, মুজিব শতবর্ষের উপহার হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় গৃহহীনদের জন্য বরাদ্দকৃত আশ্রয়ন প্রকল্পে পুনর্বাসিত পরিবারের সদস্যদের সমন্বয়ে ইতোমধ্যে ১৮টি আশ্রয়ন-২ সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রামগতি উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে রামগতি উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা সমবায় বিভাগীয় (কেন্দ্রীয় ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সহ) ২৭১ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে সংগঠিত হওয়া বৈচিত্র্যময় কার্যক্রমে বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ নিয়মে এবং প্রচলিত পদ্ধতিতে নিবিড় মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীদের চাহিদা পূরণে যুগোপযোগী আধুনিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। এক্ষেত্রে প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ থাকলে রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি করা ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সমবায় সংগঠনের মাধ্যমে ১৯০ জনের আত্ম-কর্মসংস্থান সৃজন করা হবে
- ০২ টি মডেল সমবায় সমিতি সৃজন করা হবে;
- ১০০ জনকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক শতভাগ সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ৩৫ টি সমবায় সমিতি পরিদর্শন করা হবে।

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায় টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন

২. টেকসই সমবায় গঠন

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় নীতিতে সমবায় বান্ধব কর্মকান্ডে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ/ উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সমবায় অধিদপ্তরকে সহযোগিতা করা।

সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | জন ( লক্ষ) | ০.০০০১৪০ | ০.০০১২০ | ০.০০১৩০ | ০.০০১৩৫ | ০.০০১৪০ | সমবায় বিভাগ, বিআরডিবি | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | জন ( লক্ষ) | ০.০০০০৫৫ | ০.০০০৫০ | ০.০০০৬০ | ০.০০০৬৫ | ০.০০০৭০ | সমবায় বিভাগ, বিআরডিবি | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা | ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত | জন | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কার্যালয় এর মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২৫ | [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ৮ | ০.০০১০০ | ০.০০১২০ | ০.০০১২৫ | ০.০০১২০ | ০.০০১১৫ | ০.০০১১০ | ০.০০১০০ | ০.০০১৩০ | ০.০০১৩৫ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান | [১.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ১০০ | ১২০ | ০.০০১৩০ | ০.০০১২০ | ০.০০১১৫ | ০.০০১১০ | ০.০০০৯৫ | ০.০০১৩৫ | ০.০০১৪০ |
| | | | [১.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০০০৫৫ | ০.০০০৫০ | ০.০০০৬০ | ০.০০০৫৫ | ০.০০০৫০ | ০.০০০৪৫ | ০.০০০৪০ | ০.০০০৬৫ | ০.০০০৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] টেকসই সমবায় গঠন | ২৫ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] কার্যকর সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ২ | ০৭.০৮.২২ | ১৪.০৮.২৩ | ১২.০৮.২৪ | ৩১.০৮.২৪ | ১৫.০৯.২৪ | ৩০.০৯.২৪ | ১৪.১০.২৪ | ১২.০৮.২৫ | ১২.০৮.২৬ |
| | | | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ৩ | ৩ |
| | | | [২.১.৩] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ২ | ০৭.০৮.২২ | ১৪.০৮.২৩ | ১২.০৮.২৪ | ৩১.০৮.২৪ | ১৫.০৯.২৪ | ৩০.০৯.২৪ | ১৪.১০.২৪ | ১২.০৮.২৫ | ১২.০৮.২৬ |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপন ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [২.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩২ | ২৮ | ৩৫ | ৩৩ | ৩০ | ২৮ | ২৫ | ৩৮ | ৪০ |
| | | | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ৯০ | ৯২ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৩ | ৯৪ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৪৫ | ৫০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | ৫৬ | ৫৭ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৪০ | ৫০ | ৭২ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৭৩ | ৭৪ |
| | | | [২.২.৬] নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ০ | ৪০ | ৪৫ | ৪৩ | ৪০ | ৩৮ | ৩৫ | ৪৮ | ৫০ |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়ন | ২০ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৭৫ | ৫০ | ৫০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | ক্রমপুঞ্জিভূত | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |


| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয় রামগতি লক্ষ্মীপুর, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, লক্ষ্মীপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, লক্ষ্মীপুর হিসাবে উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয় রামগতি লক্ষ্মীপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



০৫/০৬/২০২৪

উপজেলা সমবায় কর্মকর্তা
উপজেলা সমবায় কার্যালয় রামগতি লক্ষ্মীপুর

তারিখ



০৫/০৬/২৪

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কার্যালয়, লক্ষ্মীপুর

তারিখ